৮. বাংলার শেষ স্বাধীন নবাব কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ঢুলনা বিভাগ) : ০৩]

ক) নবাব আলিবর্দী খাঁ খ) আলাউদ্দিন হুসেন শাহ
গ) নবাব সিরাজউদ্দৌলা ঘ) ফকির মজনু শাহ **উত্তর: গ**

৯. 'অন্ধকূপ হত্যা' কাহিনী কার তৈরি? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]

ক) হলওয়েল খ) মীর জাফর
গ) ক্লাইভ ঘ) কর্নওয়ালিস **উত্তর: ক**

১০. কোনটি ভারতের ইতিহাসে নতুন যুগের সূচনা করে? [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]

ক) পলাশীর যুদ্ধ খ) পানিপথের যুদ্ধ
গ) বক্সারের যুদ্ধ ঘ) ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ **উত্তর: ক**

১১. পলাশীর যুদ্ধ হয় কত সালে? [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪ / মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২/ আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫]

ক) ১৭৭০ সালে খ) ১৭৫৭ সালে
গ) ১৮৮৭ সালে ঘ) ১৮৮০ সালে **উত্তর: খ**

১২. পলাশীর যুদ্ধ কখন হয়েছিল? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক) ২৩ জুন, ১৭৫৭ খ) ২৫ জুলাই, ১৭৫৭
গ) ১৫ আগস্ট, ১৮৫৮ ঘ) ২৫ আগস্ট, ১৮৫৮ **উত্তর: ক**

১৩. বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]


ক) ১৬৬০ খ) ১৭০৭
গ) ১৭৫৭ ঘ) ১৭৬৪ **উত্তর: ঘ**

১৪. মীর কাসিম বাংলার রাজধানী কোথায় স্থানান্তর করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক) ঢাকা খ) মুঙ্গের
গ) তান্ডা ঘ) মুর্শিদাবাদ **উত্তর: খ**

## ভারতীয় উপমহাদেশে ও বাংলাদেশে ইউরোপীয়দের আগমন
## Arrival of the Europeans in Indian Sub-continent and Bangladesh

পর্তুগিজ নাবিক বার্থোলোমিউ দিয়াজ ১৪৮৭ সালে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে ইউরোপ হতে পূর্বদিকে আগমনের জলপথ আবিষ্কার করেন। সেই সূত্র ধরে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয় ১৪৯৮ সালে। পর্তুগিজ নাবিক ভাস্কো ডা গামা এই জলপথ আবিষ্কার করেন। তিনি আফ্রিকা মহাদেশের পশ্চিম ও দক্ষিণ উপকূল ঘুরে ইউরোপ থেকে ভারতের কালিকট বন্দরে উপস্থিত হন।



ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কার

Download More PDF @
www.BDNiyog.com

www.bdniyog.com

Scanned by CamScanner

## পর্তুগিজদের আগমন

পর্তুগালের লোকদের পর্তুগিজ বলে। উপমহাদেশে ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে পর্তুগিজরা। ১৫১৪ খ্রিস্টাব্দে উড়িষ্যার অন্তর্গত পিপলি নামক স্থানে সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ভারতে পর্তুগিজ উপনিবেশগুলোর প্রথম গভর্নর ছিলেন আলবুকার্ক। তিনি কোচিনে একটি দুর্গ (Fort) নির্মাণ করেন। এই দুর্গটি ভারতে প্রথম ইউরোপীয় দুর্গ। বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম এসেছিল পতুর্গিজরা ১৫১৬ খ্রিষ্টাব্দে। পর্তুগিজগণ বাংলাদেশে ফিরিঙ্গি (Firinghi) নামে পরিচিত। ১৫১৭ খ্রিষ্টাব্দে পতুর্গিজরা চট্টগ্রামে আসতে শুরু করে। বাণিজ্যের চেয়ে তাদের মধ্যে জলদস্যুতার বিষয়টি প্রবল ছিল। পর্তুগিজ জলদস্যুদের বলা হতো 'হার্মাদ'। এ সময় শেরশাহকে প্রতিরোধ করার জন্য সুলতান মাহমুদ শাহ পর্তুগিজদের সাহায্যপ্রার্থী হন। সামরিক সহায়তার বিনিময়ে ১৫৩৭ সালে পর্তুগিজরা চট্টগ্রামে বাণিজ্য কুঠি নির্মাণ করে। একই সঙ্গে তাদেরকে বন্দর এলাকায় শুল্ক আদায়ের অধিকার দেয়া হয়। মাহমুদশাহের পক্ষে পর্তুগিজরা শেরশাহের বিরুদ্ধে লড়াই করেন। শেরশাহ ক্ষমতা লাভের পর ১৫৩৮ খ্রিষ্টাব্দে তিনি পর্তুগিজদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন। ১৫৮১-১৬৬৬ খ্রিষ্টাব্দ চট্টগ্রাম আরাকানদের অধীনে ছিল। এসময় পতুর্গিজ জলদস্যুদের দৌরাত্ম্য খুব বৃদ্ধি পায়। ১৬৬৬ সালে সম্রাট আওরঙ্গজেবের নির্দেশে সুবেদার শায়েস্তা খান চট্টগ্রাম দখল করে পতুর্গিজদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন।


ভাস্কো দা গামা

## ওলন্দাজদের আগমন


হল্যান্ডের (নেদারল্যান্ডের) অধিবাসীদের ডাচ বা ওলন্দাজ বলে। তারা পর্তুগিজদের দেখাদেখি এদেশে আসে এবং 'ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে। প্রথমে পর্তুগিজ এবং পরে ইংরেজগণ ছিল তাদের প্রতিদ্বন্দ্বী। ইংরেজদের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে তারা এদেশ থেকে চলে যায় এবং ইন্দোনেশিয়ায় গিয়ে উপনিবেশ স্থাপন করে।

## দিনেমারদের আগমন

ডেনমার্কের লোকদের বলা হয় ডেনিশ (Danish) বা দিনেমার (Dinemar)। তারা এদেশে বাণিজ্য করার জন্য 'ডেনিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে। কিন্তু তারা বাণিজ্যে তেমন সুবিধা করতে পারেনি।

## ইংরেজদের আগমন

ইংল্যান্ডের রানী প্রথম এলিজাবেথ এবং দিল্লীর সম্রাট আকবরের রাজত্বকালে প্রাচ্যের সাথে বাণিজ্য করার জন্য ২১৮ জন ইংরেজ বণিকদের প্রচেষ্টায় ১৬০০ খ্রিস্টাব্দে 'ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠিত হয়। ক্যাপ্টেন হকিন্স ১৬০৮ সালে ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র নিয়ে বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন। ক্যাপ্টেন হকিন্সের আবেদনক্রমে সম্রাট জাহাঙ্গীর সুরাটে বাণিজ্য কুঠি (a Business centre) নির্মাণের অনুমতি দেন। ঐ সালেই অর্থাৎ ১৬১২ সালে ইংরেজরা উপমহাদেশের প্রথম কুঠি স্থাপন করে সুরাটে। সম্রাট শাহজাহানের শাসনামলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে।


ফোর্ট উইলিয়াম দুর্গ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৬৩৩ সালে হরিহরপুরে তারা এ কুঠি নির্মাণ করে। দীর্ঘকাল পরে ১৬৫১ সালে হুগলী শহরে তারা দ্বিতীয় কুঠি নির্মাণ করে। ঐ বছর বাংলার সুবেদার শাহজাদা সুজা ইংরেজদের এদেশে বিনাশুল্কে বাণিজ্য করার অধিকার দেন। সম্রাট আওরঙ্গজেবের রাজত্বকালে ১৬৯০ সালে কোম্পানির এজেন্ট জব চার্নক সুতানটি গ্রামে একটি নগর প্রতিষ্ঠা করেন। পরে কলকাতা ও গোবিন্দপুর গ্রাম কিনে নগরটিকে আরও বড় করা হয়। এভাবেই গড়ে উঠে বিখ্যাত কলকাতা শহর। ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকেন্দ্র ছিল কলকাতা। ১৬৯৮ সালে কলকাতায় ইংল্যান্ডের রাজা উইলিয়ামের নামানুসারে 'ফোর্ট উইলিয়াম দুর্গ' নির্মিত হয়। মুঘল সম্রাট ফখরুখশিয়ার ১৭১৭ সালে এক ফরমান জারি করেন। এতে তিনি মাত্র তিন হাজার টাকার বিনিময়ে সমগ্র মুঘল সাম্রাজ্যে বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার প্রদান করেন।

## ফরাসিদের আগমন

ইউরোপীয় জাতিগুলোর মধ্য উপমহাদেশে সকলের শেষে ব্যবসা করার জন্য আসে ফরাসিগণ। তারা প্রায় ১০০ বছর এদেশে বাণিজ্য করে। তারা বেশ শক্তিশালী হয়ে উঠে কিন্তু ১৭৬০ সালে বন্দীবাসের যুদ্ধে ইংরেজদের নিকট পরাজিত হলে তারা ভারত থেকে সরে পড়ে।

## MCQ Solution

১. কত সালে ইউরোপ হতে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কৃত হয়? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১০]
ক) ১৪৮৭ সালে খ) ১৪৯০ সালে
গ) ১৪৯৮ সালে ঘ) ১৫০২ সালে **উত্তর: ক**

২. ইউরোপ থেকে সমুদ্রপথে ভারতবর্ষে আসার পথ আবিষ্কৃত হয় কোন সালে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ক) ১৪৮৭ সালে খ) ১৩৮৭ সালে
গ) ১৫৮৭ সালে ঘ) ১৬৮৭ সালে **উত্তর: ক**

৩. কোন সালে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয়েছে? [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ১১-১২] **অথবা,**
পর্তুগিজ নাবিক ভাস্কো দা গামা কত সালে ভারতে পৌছেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ক) ১৪৯৮ সালে খ) ১৪৯২ সালে
গ) ১৫১৭ সালে ঘ) ১৬৪৮ সালে **উত্তর: ক**

৪. কারা সর্বপ্রথম ভারতে আসার সমুদ্র পথ আবিষ্কার করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক) ওলন্দাজ খ) ব্রিটিশ
গ) পর্তুগিজ ঘ) ফরাসি **উত্তর: গ**

৫. **Who discovered the ocean route from Europe to Indian Subcontinent?/ ইউরোপ থেকে ভারতে আসার জলপথ কে আবিষ্কার করেন?** [NCC Bank Ltd. Officer : 02]
**Ans.** Vasco Da Gama

৬. কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১] **অথবা,**
কোন ইউরোপীয় নাবিক সর্বপ্রথম সমুদ্রপথে ভারতে আসেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক) ফার্ডিন্যান্ড ম্যাগেলান খ) ফ্রান্সিস ড্রেক
গ) ভাস্কো ডা গামা ঘ) ক্রিস্টোফার কলম্বাস **উত্তর: গ**

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৭. ভাস্কো-দা-গামা ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ পর্তুগিজ ⓚ ফরাসি
ⓖ ওলন্দাজ ⓖ ব্রিটিশ উত্তর: ক

৮. **Who were the first European traders to arrive in India?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]
**Or,**
**কোন ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓐ Dutch ⓑ English
ⓒ French ⓓ Portugese **Ans. d**

৯. **কোন ইউরোপীয় জাতি প্রথম বাংলায় আগমন করে?** [১৬তম বিসিএস/ ১০ম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯]
**Or,**
**Which among the following European merchants came first to Bangladesh?** [BRC Officer : 07]
ⓚ ইংরেজরা ⓚ ওলন্দাজরা
ⓖ ফরাসিরা ⓖ পর্তুগিজরা উত্তর: ঘ

১০. **In which year did the Portuguese arrive at Chittagong and receive trade permit for the first time?/ পর্তুগিজরা কত খ্রিষ্টাব্দে প্রথম চট্টগ্রাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়?** [BASIC Bank Asst. Manager : 12]
ⓐ 1498 ⓑ 1534 ⓒ 1650
ⓓ 1757 ⓔ None of these **Ans. e**

১১. **দিল্লির কোন সম্রাট বাংলা থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ শেরশাহ ⓚ আকবর
ⓖ জাহাঙ্গীর ⓖ আরওঙ্গজেব উত্তর: ক

১২. **'হার্মাদ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ⓚ স্পেনীয় ⓚ পর্তুগিজ
ⓖ বার্মিজ ⓖ আরাকানী উত্তর: খ

১৩. **ওলন্দাজরা কোন দেশের নাগরিক?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ⓚ হল্যান্ড ⓚ ফ্রান্স
ⓖ পর্তুগাল ⓖ ডেনমার্ক উত্তর: ক

১৪. **ইউরোপের কোন দেশের অধিবাসীদের 'ডাচ' বলা হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ নেদারল্যান্ড ⓚ ডেনমার্ক
ⓖ পর্তুগাল ⓖ স্পেন উত্তর: ক

১৫. **কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ডে দি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি স্থাপিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩ / সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ ১৬০৮ সালে ⓚ ১৭৫৭ সালে
ⓖ ১৬০০ সালে ⓖ ১৬৫২ সালে উত্তর: গ

১৬. **সম্রাট জাহাঙ্গীরের দরবারের প্রথম ইংরেজ দূত-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ ক্যাপ্টেন হাকিন্স ⓚ এডওয়ার্ডস
ⓖ স্যার টমাস রো ⓖ উইলিয়াম কেরি উত্তর: ক

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৭. কোন সম্রাট সর্বপ্রথম ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে সুরাটে বাণিজ্য কুঠি স্থাপনের অনুমতি দেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক) আকবর খ) শাহবাজ খান
গ) মুর্শিদকুলি খান ঘ) জাহাঙ্গীর উত্তর: ঘ

১৮. ইংরেজরা বাংলাদেশে আগমন করে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]
ক) ১৫৯৯ খ) ১৭৫৭
গ) ১৪৭৫ ঘ) ১৬০০ উত্তর:

১৯. ইংরেজ বনিকগণ সরাসরিভাবে বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন-[খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক) আকবরের আমলে খ) জাহাঙ্গীরের আমলে
গ) শাহজাহানের আমলে ঘ) আলমগীরের আমলে উত্তর: গ

২০. ইস্ট ইন্ডিয়া কোম্পনির শাসনকেন্দ্র ছিল -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ক) কলকাতা খ) দিল্লি
গ) পাঞ্জাব ঘ) ঢাকা উত্তর: ক

২১. কলকাতা নগরীর প্রতিষ্ঠাতা কে? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-সহকারী পরিচালক : ০১]
ক) ক্লাইভ খ) ডালহৌসি
গ) ওয়েলেসলি ঘ) জব চার্নক উত্তর: ঘ

২২. কোন দেশের বাণিজ্যিক কোম্পানি ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক) ইংল্যান্ড খ) ফ্রান্স গ) হল্যান্ড
ঘ) ডেনমার্ক ঙ) ইতালি উত্তর: ক

২৩. ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায় অবস্থিত ছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) ঢাকা খ) মুর্শিদাবাদ
গ) কলকাতা ঘ) আগ্রা উত্তর: গ

২৪. চন্দনগর (পশ্চিমবঙ্গ) একসময়- এর উপনিবেশ ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ক) হল্যান্ড খ) ফ্রান্স
গ) ইংল্যান্ড ঘ) পর্তুগাল উত্তর: খ

## উপমহাদেশে ইংরেজ শাসন

### এলাহাবাদ চুক্তি (Allahabad Treaty)

বক্সারের যুদ্ধে জয়লাভের পর ক্লাইভ ইচ্ছে করলে দিল্লি অধিকার করতে পারতেন। কিন্তু তিনি তা না করে দিল্লীর সম্রাট শাহ আলমের সাথে ১৭৬৫ খ্রিস্টাব্দে এলাহাবাদে একটি চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তির ফলে 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' মুঘল বাদশাহ দ্বিতীয় শাহ আলমের নিকট হতে বাংলা বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করে ।

### দ্বৈত শাসন (Dual Administration)

দ্বৈত শাসন ব্যবস্থার প্রবর্তক রবার্ট ক্লাইভ। এই শাসন ব্যবস্থায় তিনি নবাবের হাতে নেজামত ক্ষমতা অর্থাৎ বিচার ও শাসনের দায়িত্ব অর্পণ করে ইস্ট ইন্ডিয়া কোম্পানির উপর রাজস্ব ও দেশরক্ষার দায়িত্ব ন্যস্ত করেন। ফলে প্রশাসনিক ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হয় এবং জনগণের দুর্দশা চরমে পৌছে।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner




## ছিয়াত্তরের মন্বন্তর (Famine of 76)

রবার্ট ক্লাইভের দ্বৈতশাসন নীতি এবং ইংরেজ কর্মচারীদের অত্যাচার, উৎপীড়ন ও শোষণের ফলে বাংলার জনসাধারণের অবস্থা ক্রমেই শোচনীয় হয়ে পড়ে। এছাড়া ১৭৭০ খ্রিস্টাব্দে অনাবৃষ্টি ও খরার কারণে ফসল নষ্ট হয়ে গেলে বাংলায় প্রচণ্ড খাদ্যাভাব দেখা দেয়। সমগ্র দেশে এক ভয়াবহ দুর্ভিক্ষ নেমে আসে। এ দুর্ভিক্ষে প্রায় ১ কোটি লোক মৃত্যুবরণ করে। বাংলা ১১৭৬ সালের (ইংরেজি ১৭৭০ সালে) এই দুর্ভিক্ষ ইতিহাসে 'ছিয়াত্তরের মন্বন্তর' বা মহাদুর্ভিক্ষ নামে পরিচিত। 'ছিয়াত্তরের মন্বন্তর' এর সময় বাংলার গভর্নর ছিলেন কার্টিয়ার।

## নিয়ামক আইন (Regulating Act)- ১৭৭৩ খ্রিস্টাব্দ

দ্বৈতশাসন ব্যবস্থায় ইংরেজ কোম্পানির অবহেলা, নির্যাতন ও নিপীড়নের কাহিনী বৃটিশ পত্রপত্রিকায় প্রকাশিত হলে সুদূর ইংল্যান্ডে দ্বৈত শাসনের বিরুদ্ধে তুমুল তর্ক বিতর্ক শুরু হয়। এজন্য ব্রিটিশ পার্লামেন্টের সুপারিশক্রমে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকে নিয়ন্ত্রণের জন্য ১৭৭৩ খ্রিস্টাব্দে নিয়ামক আইন পাস হয়। এই আইনের ফলে কোম্পানির গভর্নর এর পদ গভর্নর জেনারেল পদে উন্নীত করা হয়।

## ভারত শাসন আইন (Government of India Act)- ১৭৮৪ খ্রিস্টাব্দ

রেগুলেটিং আইনের দোষ ত্রুটি সংশোধন করে কোম্পানির উপর ব্রিটিশ সরকারের কর্তৃত্ব সুদৃঢ় ও সুস্পষ্ট করার জন্য ১৭৮৪ খ্রিস্টাব্দে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী উইলিয়াম পিট ভারত শাসনের জন্য একটি আইন প্রণয়ন করেন। ১৮৫৮ সাল পর্যন্ত পিটের ভারত শাসন আইন কার্যকর ছিল।

## MCQ Solution

১. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কখন বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓚ ১৬৯০ ⓛ ১৭৬৫
ⓜ ১৭৯৩ ⓝ ১৮২৯ **উত্তর: খ**

২. ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি প্রদান করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ⓚ শাহ সুজা ⓛ মীর জাফর
ⓜ ফররুখ শিয়ার ⓝ দ্বিতীয় শাহ আলম **উত্তর: ঘ**

৩. বাংলাদেশে দ্বৈত শাসন কে প্রবর্তন করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : 13-14 / জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯/ শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ⓚ লর্ড কর্নওয়ালিস ⓛ লর্ড ক্লাইভ
ⓜ নবাব মীর কাশেম ⓝ ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**

৪. 'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল ইংরেজি কত সালে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৫-০৬]

ⓚ ১৭৬৮ সালে ⓛ ১৭৬৯ সালে
ⓜ ১৭৭০ সালে ⓝ ১৭৭২ সালে **উত্তর: গ**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. 'ছিয়াত্তরের মন্বন্তর' বাংলা কোন সনে হয়েছিল? [৩৬তম বিসিএস / ১৪তম বিসিএস / বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ১৪-১৫ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আনসার) : ১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]

ⓚ ১০৭৬ সনে ⓐ ১৩৭৬ সনে

ⓖ ১১৭৬ সনে ⓘ ১২৭৬ সনে উত্তর: গ

৬. ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত শাসন আইন' পাস হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৭-০৮]


ⓚ ১৭৮৪ ⓐ ১৭৮৬

ⓖ ১৭৭৩ ⓘ ১৭৯০ উত্তর: ক

## গভর্নরের শাসন (১৭৭৩-১৮৩৩ খ্রি.)

### ওয়ারেন হেস্টিংস (১৭৭৩ - ১৭৮৫ খ্রি.)

উপমহাদেশে প্রথম রাজস্ব বোর্ড (Board of Revenue) করেন ওয়ারেন হেস্টিংস (Warren Hastings)। রাজকোষের শূন্যতা পূরণের উদ্দেশ্যে হেস্টিংস ভূমি রাজস্ব ব্যবস্থা পাঁচ বছরের জন্য ইজারা দেওয়ার নিয়ম প্রবর্তন করেন। এটি পাঁচশালা বন্দোবস্ত নামে পরিচিত ছিল। তিনি লর্ড ক্লাইভের দ্বৈত শাসন ব্যবস্থা রহিত করেন।




লর্ড কর্নওয়ালিস

### লর্ড কর্নওয়ালিস (১৭৮৬ - ৯৩ খ্রি.)

লর্ড কর্নওয়ালিস (The Earl Cornwallis) সরকারি কর্মচারীদের জন্য যে বিধি বিধান চালু করেন পরবর্তী কালে তা 'ইন্ডিয়ান সিভিল সার্ভিস' নামে প্রচলিত হয়। ১৭৮৯ খ্রিস্টাব্দে লর্ড কর্নওয়ালিস বাংলায় দশসালা বন্দোবস্ত চালু করেন। তিনি ১৭৯৩ সালের ২২ মার্চ বাংলা, বিহার ও উড়িষ্যার দশসালা বন্দোবস্তকে 'চিরস্থায়ী বন্দোবস্ত' (Permanent settlement) বলে ঘোষণা দেন। জমিদারগণ নিয়মিত খাজনা পরিশোধ না করায় কোম্পানি ঘাটতির সম্মুখীন হয়। ফলে 'সূর্যাস্ত আইন' পাস করে নির্দিষ্ট সময়ে বকেয়া খাজনা প্রদানের নির্দেশ প্রদান করা হয়। নির্দিষ্ট সময়ে খাজনা পরিশোধ করতে না পারায় অনেক জমিদার জমি হারিয়ে সর্বস্বান্ত হয়।

BCS Spotlight

### লর্ড ওয়েলেসলি (১৭৯৮ - ১৮০৫ খ্রি.)



লর্ড ওয়েলেসলি

লর্ড ওয়েলেসলি (The Marquess Wellesley) অধীনতামূলক মিত্রতা নীতির প্রয়োগ করে তাঞ্জোর, সুরাট, কর্ণাট এবং অযোধ্যার স্বাধীনতা হরণ করেন। টিপু সুলতান ছিলেন মহীশূরের শাসনকর্তা। তিনি দ্বিতীয় মহীশূর যুদ্ধে ইংরেজদের বিরুদ্ধে অস্ত্রধারণ করে ব্রিটিশ সেনাপতি ব্রেইথওয়েটকে পরাজিত করে বিপুল সম্মান ও খ্যাতি অর্জন করেন। লর্ড ওয়েলেসলি টিপু সুলতানকে অধীনতামূলক মিত্রতা নীতি গ্রহণের আমন্ত্রণ জানান। টিপু এই আমন্ত্রণ প্রত্যাখ্যান করলে ওয়েলেসলি টিপুর বিরুদ্ধে ১৭৯৯ খ্রিস্টাব্দে চতুর্থ মহীশূর যুদ্ধ ঘোষণা করেন। টিপুর বিরুদ্ধে এ যুদ্ধে নেতৃত্ব দেন লর্ড ওয়েলেসলির ভ্রাতা আর্থার ওয়েলেসলি। টিপু বীরের ন্যায় যুদ্ধ করে নিহত হন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. ভারতবর্ষে সর্বপ্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন – [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]

ⓚ লর্ড ক্লাইভ ⓚ শের শাহ
ⓖ সম্রাট আকবর ⓖ ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**

২. বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা কে প্রবর্তন করেন? [২২তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]

ⓚ লর্ড কর্নওয়ালিস ⓚ লর্ড বেন্টিংক
ⓖ লর্ড ক্লাইভ ⓖ লর্ড ওয়াভেল **উত্তর: ক**

৩. 'বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করা হয় কোন সালে? [৩৪তম বিসিএস/ ১০ম বিসিএস/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪/ জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০১]

ⓚ ১৭০০ ⓚ ১৭৬২
ⓖ ১৯৬৫ ⓖ ১৭৯৩ **উত্তর: ঘ**

৪. চিরস্থায়ী বন্দোবস্ত কবে প্রবর্তন করা হয়? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ⓚ ২২-৩-১৮৯৩ ⓚ ২২-৩-১৮০৫
ⓖ ২২-৩-১৭৯৩ ⓖ ১৬-৩-১৭৯৬ **উত্তর: গ**

৫. অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তক- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ⓚ লর্ড ক্লাইভ ⓚ লর্ড ওয়েলেসলি
ⓖ লর্ড মিন্টো ⓖ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: খ**

৬. টিপু সুলতান কে ছিলেন? [শ্রম অদিদপ্তরে শ্রম অফিসার : ৯৬]

ⓚ ব্যাঙ্গোলারের শাসনকর্তা ⓚ মহীশূরের শাসনকর্তা
ⓖ অযোধ্যার শাসনকর্তা ⓖ মীরাটের নবাব **উত্তর: খ**

৭. মহীশূরের টিপু সুলতান সর্বশেষ কোন ইংরেজ সেনাপতির সঙ্গে যুদ্ধ করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ⓚ ওয়েলেসলি ⓚ ওয়ারেন হেস্টিংস
ⓖ কর্নওয়ালিস ⓖ ডালহৌসি **উত্তর: ক**

BCS Spotlight

## গভর্নর জেনারেলের শাসন (১৮৩৩ - ১৮৫৮ খ্রি.)



লর্ড বেন্টিঙ্ক


### লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (১৮২৮-৩৫ খ্রি.)

লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (Lord William Bentinck) রাজ্যবিস্তার অপেক্ষা সমাজ সংস্কার কাজের জন্য সমৃদ্ধি লাভ করেন। লর্ড বেন্টিঙ্ক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন করে সতীদাহ প্রথা রহিত করেন। এই ব্যাপারে বেন্টিংক রাজা রামমোহন রায়ের সক্রিয় সহযোগিতা লাভ করেন। ভারতবর্ষে পাশ্চাত্য শিক্ষার প্রসারে সর্বপ্রথম আইন প্রণয়ন করেন।

### লর্ড ডালহৌসি (১৮৪৮-১৮৫৬ খ্রি.)

উপমহাদেশে ইংরেজ শাসকদের মধ্য সবচেয়ে বেশি সাম্রাজ্যবাদী ছিলেন লর্ড ডালহৌসি (The Marquess of Dalhousie)। তিনি স্বত্ব বিলোপ নীতির প্রয়োগ করে ভারতে বৃটিশ সাম্রাজ্যের ব্যাপক বিস্তৃতি ঘটান। লর্ড ডালহৌসি 'স্বত্ব বিলোপ নীতি' ব্যাপক প্রয়োগ করলেও তিনি কিন্তু এর

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner



লর্ড ডালহৌসি

উদ্ভাবক ছিলেন না। এই নীতি পূর্বেই প্রণীত হয়েছিল। তিনি এই নীতি প্রয়োগ করে সাঁতারা, ঝাঁসি, নাগপুর, সম্বলপুর প্রভৃতি রাজ্যগুলো বৃটিশ সাম্রাজ্যভুক্ত করেন। ১৮৫০ সালে লর্ড ডালহৌসি ভারতের কলকাতা থেকে ডায়মন্ড হারবার পর্যন্ত সর্বপ্রথম টেলিগ্রাফ লাইন স্থাপন করেন। ১৮৫৩ সালে তিনি উপমহাদেশে সর্বপ্রথম রেল যোগাযোগ চালু করেন। তিনি ডাকটিকিট এর মাধ্যমে ভারতের বিভিন্ন স্থানে চিঠিপত্র আদান প্রদানের ব্যবস্থা করেন। লর্ড ডালহৌসি ১৮৫৬ সালের ২৬ জুলাই বিধবা বিবাহ আইন (Widow Remarriage Act) পাস করে হিন্দু বিধবাদের পুনঃবিবাহ প্রথা চালু করেন। বিধবা বিবাহ প্রচলনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁকে যথেষ্ট সাহায্য করেন।

## MCQ Solution

১. **সতীদাহ প্রথা কে বিলোপ করেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]

**অথবা,**

**সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাস করেন কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ থানা সহকারী শিক্ষা অফিসার : ০৫/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ⓚ লর্ড কর্নওয়ালিস ⓛ রাজা রামমোহন রায়
ⓜ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓝ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ঘ**

২. **সতীদাহ প্রথা বিলুপ্ত হয় কার উদ্যোগে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]

ⓚ রামমোহন রায় ⓛ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓜ হান্টার ⓝ লর্ড বেন্টিং **উত্তর: ক**

৩. **সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?** [২২তম বিসিএস / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট): ১৩-১৪ / জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিকার অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা, রাইন) : ১৩]

ⓚ ১৮১৯ ⓛ ১৮২৯
ⓜ ১৮৩৯ ⓝ ১৮৪৯ **উত্তর: খ**

৪. **স্বত্ববিলোপ নীতি প্রয়োগ করে লর্ড ডালহৌসি কোন রাজ্যটি অধিকার করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ⓚ অযোধ্যা ⓛ পাঞ্জাব
ⓜ নাগপুর ⓝ হায়দ্রাবাদ **উত্তর: গ**

৫. **ভারতে সর্বপ্রথম কার সময় রেলপথ ও টেলিগ্রাফ লাইন স্থাপিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ⓚ লর্ড ওয়েলেসলি ⓛ লর্ড বেন্টিংক
ⓜ লর্ড ক্যানিং ⓝ লর্ড ডালহৌসি **উত্তর: ঘ**

৬. **ভারতে টেলিগ্রাফ কত বছর চালু ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ⓚ ১৪৫ বছর ⓛ ১৫০ বছর
ⓜ ১৫৫ বছর ⓝ ১৬২ বছর **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** মুঠোফোন এবং ই-মেইলের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে ২০১৩ সালের ১৫ জুলাই ১৬২ বছরের পুরানো ভারতের টেলিগ্রাম সেবা বন্ধ করে দেয়া হয়।

www.bdniyog.com
BCS Spotlight
Download More PDF @
www.BDNiyog.com
Scanned by CamScanner

৭. এ উপমহাদেশে প্রথম রেল যোগাযোগ চালু করেন কে? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]


ক) লর্ড রিপন খ) লর্ড হ্যাডিঞ্জ ট্রপার

গ) লর্ড কার্জন ঘ) লর্ড ডালহৌসি

উত্তর: ঘ

## গভর্নর জেনারেল ও ভাইসরয়ের শাসন (১৮৫৮ - ১৯৪৭ খ্রি.)

### লর্ড ক্যানিং (১৮৫৬ - ৬২ খ্রি.)



সিপাহি বিদ্রোহের পর ১৮৫৮ সালের ২ আগস্ট ব্রিটিশ সরকার ভারতের শাসনভার ইংল্যান্ডের রানী ভিক্টোরিয়ার হস্তে অর্পণ করেন। ইংল্যান্ডের মহারানীর প্রতিনিধি হিসাবে গভর্নর জেনারেলকে ভাইসরয় (Viceroy) বা বড়লাট উপাধি দেওয়া হয়। ভারত শাসনের জন্য মহারানীর পক্ষ থেকে লর্ড ক্যানিং (The Viscount Canning) প্রথম ভাইসরয় বা রাজপ্রতিনিধি নিযুক্ত হন। এর ফলে ভারতে ইস্ট-ইন্ডিয়া কোম্পানির শাসন (১৭৫৭-১৮৫৮ সাল) এর অবসান ঘটে। মুদ্রা ব্যবস্থার সংস্কার করে উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন লর্ড ক্যানিং। ১৮৬১ সালে, লর্ড ক্যানিং পাক-ভারত উপমহাদেশে পুলিশ সার্ভিস চালু করেন।

### লর্ড মেয়ো (১৮৬৯-৭২ খ্রি.)


১৮৭২ সালে লর্ড মেয়োর শাসনামলে ভারতবর্ষে প্রথম আদমশুমারি (Census) হয়।

### লর্ড লিটন (১৮৭৬-৮০ খ্রি.)

লর্ড লিটন (The Lord Lytton) একজন খ্যাতনামা সাহিত্যিক ছিলেন। তিনি ১৮৭৮ সালে অস্ত্র আইন (The Arms Act) পাস করে বিনা লাইসেন্সে অস্ত্র রাখা নিষিদ্ধ করেন। তিনি ১৮৭৮ সালে সংবাদপত্র আইন (Vernacular Press Act) পাস করে দেশীয় ভাষায় প্রচারিত সংবাদপত্রের স্বাধীনতা হরণ করেন।

### লর্ড রিপন (১৮৮০-৮৪ খ্রি.)

লর্ড রিপন (The Marquess of Ripon) সংবাদপত্র আইন রহিত করে দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলোর পূর্ণ স্বাধীনতা প্রদান করেন। তিনি ১৮৮২ সালে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার সংস্কারের জন্য হান্টার কমিশন (Hunter Commision) গঠন করেন। লর্ড রিপন 'ইলবার্ট বিল' প্রণয়ন করে ভারতীয় বিচারকদের ইউরোপীয় অপরাধীদের বিচার করার ক্ষমতা প্রদান করেন। কিন্তু ইলবার্ট বিলের বিরুদ্ধে ইউরোপীদের মধ্য তীব্র ক্ষোভের সঞ্চার হয়। তিনি বেঙ্গল মিনিসিপাল আইন (Bengal Municipal Act) করে ভারতে প্রথম স্থানীয় শাসন ব্যবস্থার প্রবর্তন করেন। লর্ড রিপন শ্রমিক কল্যাণের জন্য ১৮৮১ সালে 'ফ্যাক্টরি আইন' পাস করে বিশেষ খ্যাতি অর্জন করেন। এ আইনের দ্বারা শিল্প শ্রমিকদের দিনে ৮ ঘন্টা কাজ করার নিয়ম চালু করা হয়।



Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com




**লর্ড কার্জন** (১৮৯৯ - ১৯০৫ খ্রি.)

বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে বাংলা প্রদেশ গঠিত ছিল। ১৯০৫ সালে ১৬ অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জন (The Lord Curzon of Kedleston) এক ঘোষণায় বাংলা প্রদেশকে দুইভাগে ভাগ করেন। এ ঘটনা বঙ্গভঙ্গ বা বঙ্গবিভাগ (Partition of Bengal) নামে পরিচিত।

বাংলা এ পর্যন্ত ২ বার বিভক্ত হয়। যথা-

| | |
|---|---|
| ১ | ১৯০৫ সালে (বঙ্গভঙ্গের ফলে) |
| ২ | ১৯৪৭ সালে (ভারত বিভাগের ফলে) |



বঙ্গভঙ্গ অনুযায়ী বাংলাদেশের ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগ এবং আসাম নিয়ে গঠিত হয় 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশ। এ নবগঠিত প্রদেশের রাজধানী ছিল ঢাকা। অন্যদিকে পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত হয় পশ্চিম বাংলা প্রদেশ যার রাজধানী ছিল কলকাতা। পূর্ব বাংলার ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর ছিলেন ব্যামফিল্ড ফুলার। লর্ড কার্জন কলকাতায় ভারতের বৃহত্তম গ্রন্থাগার ইম্পেরিয়াল লাইব্রেরী প্রতিষ্ঠা করে।

**লর্ড মিন্টো** (১৯০৫ - ১০ খ্রি.)

লর্ড মিন্টু (The Earl of Minto) মর্লি-মিন্টু সংস্কার আইন (১৯০৯) এর মাধ্যমে মুসলমানদের পৃথক নির্বাচনের অধিকার দেওয়া হয়।

**লর্ড হার্ডিঞ্জ** (১৯১০ - ১৬ খ্রি.)

'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশে মুসলমান সংখ্যাগরিষ্ঠ হওয়ায় রাজনৈতিক ও অর্থনৈতিক সুবিধাভোগী বর্ণহিন্দু সম্প্রদায় বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলে। রবীন্দ্রনাথ ঠাকুরের পরামর্শে 'রাখিবন্ধন' অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়। বাঙালির ঐক্যের আহবান জানিয়ে রবীন্দ্রনাথ 'বাংলার মাটি, বাংলার জল' গানটি রচনা করেন। হিন্দু সম্প্রদায়ের প্রতিবাদের মুখে ১৯১১ সালে দিল্লির দরবারে রাজা পঞ্চম জর্জ 'বঙ্গভঙ্গ রদ' করেন। বঙ্গভঙ্গ রদের সুপারিশ করেন ভারতের ভাইসরয় ছিলেন লর্ড হার্ডিঞ্জ (The Lord Hardinge)। ১৯১২ সালে বঙ্গভঙ্গ রদের পর পূর্ব ও পশ্চিম বাংলাকে একত্রিত করে কলকাতাকে রাজধানী করে 'বেঙ্গল প্রদেশ' সৃষ্টি করা হয়। বঙ্গভঙ্গ রদের ফলে মুসলমানদের মধ্য চরম অসন্তোষ দেখা দেয়। মুসলমানদের খুশি করার জন্য ১৯১২ সালে ব্রিটিশ ভারতীয় রাজধানী কলকাতা থেকে দিল্লিতে হস্তান্তর করা হয়।




**লর্ড চেমসফোর্ড** (১৯১৬ - ২১ খ্রি.)

মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইন (১৯১৯) ভারত শাসন আইন নামেও পরিচিত। এই আইন অনুযায়ী, কেন্দ্রে দুইকক্ষবিশিষ্ট আইনসভা ছিল কিন্তু প্রকৃত ক্ষমতা ছিল বড়লাটের হাতে। প্রাদেশিক দ্বৈতশাসন নীতি কার্যকর ছিল কিন্তু গুরুত্বপূর্ণ বিষয়গুলো ছিল গভর্নরের হাতে। ফলে জনগণের স্বায়ত্তশাসনের দাবি অপূর্ণই থেকে যায়।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## লর্ড মাউন্টব্যাটেন (১৯৪৭ খ্রি.)



ব্রিটিশ-ভারতের শেষ ভাইসরয় বা বড়লাট ছিলেন লর্ড মাউন্টব্যাটেন (Lord Viscount Mountbatten)। ভারত বিভাগের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ছিলেন এটলি । ১৯৪৭ সালের ১৮ জুলাই ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত স্বাধীনতা আইন' পাশ হয়। এই আইন অনুসারে ১৯৪৭ সালের ১৪ আগস্ট করাচিতে পাকিস্তান গণপরিষদের হাতে এবং ১৫ আগস্ট ভারতীয় গণপরিষদের হাতে মাউন্ট ব্যাটেন ক্ষমতা হস্তান্তর করেন। জন্ম নেয় ভারতীয় ইউনিয়ন ও পাকিস্তান নামক দুটি রাষ্ট্র। স্যার সাইরিল র‍্যাডক্লিফের নেতৃত্বে গঠিত কমিশন ভারত ও পাকিস্তানের মধ্যে সীমারেখা চিহ্নিত করেন। এই কমিশন র‍্যাডক্লিফ কমিশন নামে পরিচিত। এখানে উল্লেখ্য যে, অবিভক্ত বাংলার শেষ গভর্নর ছিলেন স্যার ফ্রেডরিক জন বারোজ।

## MCQ Solution

১. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কাল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক) ১৭৫৭-১৯৪৭ খ) ১৮৭৫-১৯৪৭
গ) ১৭৫৭-১৮৫৭ ঘ) ১৭৬৫-১৮৮৫ **উত্তর: গ**

২. ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয় কোন সালে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯ / সাব-রেজিস্ট্রার : ০১]
ক) ১৮৫৭ খ) ১৮৫৮
গ) ১৮৫৯ ঘ) ১৮৬০ **উত্তর: খ**

৩. ভারতের শাসনভার ইংল্যান্ডের রানী ও পার্লামেন্টের হাতে অর্পিত হয়- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ০৮-০৯/ সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ক) ১৭৫৮ সালে খ) ১৮৫৮ সালে
গ) ১৭৯২ সালে ঘ) ১৮৬২ সালে **উত্তর: খ**

৪. বঙ্গ-ভারত উপমহাদেশের প্রথম পুলিশ ব্যবস্থা কে চালু করেন? [মেডিকেল : ০৭-০৮ ]
ক) মিবার্ড খ) সম্রাট আকবর
গ) লর্ড ক্যানিং ঘ) সম্রাট শাহজাহান **উত্তর: গ**

৫. লর্ড ক্যানিং ভারত উপমহাদেশে প্রথম কোন ব্যবস্থা চালু করেন? [৩৫তম বিসিএস]
ক) চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা খ) দ্বৈত শাসন ব্যবস্থা
গ) সতীদাহ নিবারণ ব্যাবস্থা গ) পুলিশ ব্যবস্থা **উত্তর: ঘ**

৬. ভারতবর্ষে প্রথম আদমশুমারি হয় কোন সালে? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ক) ১৯৭২ খ) ১৮৫০
গ) ১৮৭২ ঘ) ১৯০১ **উত্তর: গ**

৭. ভারতে প্রথম স্থানীয় শাসন ব্যবস্থার প্রবর্তক- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক) লর্ড কার্জন খ) লর্ড রিপন
গ) লর্ড ডাফরিন ঘ) লর্ড লিটন **উত্তর: খ**

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৮. লর্ড লিটন কতসালে 'আর্মস অ্যাক্ট' প্রবর্তন করেন? [থানা নির্বাচন অফিসার : ০৮]
ⓚ ১৮৭৬ সালে ⓚ ১৮৭৮ সালে
ⓖ ১৮৮০ সালে ⓖ ১৮৮২ সালে
উত্তর: খ

৯. **Banga bhanga was done in which year?** [Mercantile Bank Ltd. Officer : 09/ Islami Bank Bangladesh Ltd. Probationary Officer : 05]

**Or,**

বঙ্গভঙ্গ আইন পাস করা হয় কত সালে? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]
ⓐ 1905 ⓑ 1906
ⓒ 1911 ⓓ 1947
ⓔ None of these
**Ans. a**

১০. ১৯০৫ সাল কোন ঘটনার সঙ্গে জড়িত? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ⓚ মুসলিম লীগ প্রতিষ্ঠা ⓚ বঙ্গভঙ্গ
ⓖ গান্ধী হত্যা ⓖ ভারত বিভক্তি
উত্তর: খ

১১. **Bengal was first partitioned in –** [AB Bank Ltd. MTO : 11]

**Or,**

প্রথম কত সালে বঙ্গভঙ্গ (বাংলা বিভক্ত) হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓐ 1971 ⓑ 1947
ⓒ 1905 ⓓ 1857
ⓔ 1757
**Ans. c**

১২. দ্বিতীয়বার বাংলা দ্বিখণ্ডিত হয়েছে কোন সালে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ১৮৫৭ ⓚ ১৯০৫
ⓖ ১৯৭১ ⓖ ১৯৪৭
উত্তর: ঘ

১৩. বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৪-০৫]
ⓚ পূর্ব বাংলা ও বিহার ⓚ পূর্ববঙ্গ ও আসাম
ⓖ পূর্ববঙ্গ ও উড়িষ্যা ⓖ পূর্ববঙ্গ
উত্তর: খ

১৪. ১৯০৫ সালে ঢাকা যে নতুন প্রদেশটির রাজধানী হয়েছিল, সে প্রদেশটির নাম কি? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ⓚ পূর্ব পাকিস্তান ⓚ পূর্ববঙ্গ ও আসাম
ⓖ বঙ্গপ্রদেশ ⓖ পূর্ববঙ্গ
উত্তর: খ

১৫. বঙ্গ প্রদেশকে বঙ্গ ও আসাম প্রদেশে বিভক্ত করেন – [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ লর্ড হার্ডিঞ্জ ⓚ লর্ড কার্জন
ⓖ লর্ড ক্যানিং ⓖ সম্রাট পঞ্চম জর্জ
উত্তর: খ

১৬. পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ গঠনকালে ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয় ছিলেন- [৩৭তম বিসিএস]
ⓚ লর্ড রিপন ⓚ লর্ড কার্জন
ⓖ লর্ড মিন্টো ⓖ লর্ড হার্ডিঞ্জ
উত্তর: খ

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৭. বঙ্গভঙ্গের সময় ভারতের ভাইসরয় (গভর্নর জেনারেল) কে ছিলেন? [২৯তম বিসিএস/ টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

অথবা,

কার সময়ে বঙ্গভঙ্গ ঘোষিত হয় – [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ /ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১৩-১৪]

ক লর্ড মিন্টো খ লর্ড চেমসফোর্ড
গ লর্ড কার্জন ঘ লর্ড মাউন্টব্যাটেন **উত্তর: গ**

১৮. প্রথম বঙ্গভঙ্গ আন্দোলনের সময় ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]

ক হেস্টিংস খ কার্জন
গ কর্নওয়ালিস ঘ ডালহৌসি **উত্তর: খ**

১৯. ১৯০৫ সালে নবগঠিত প্রদেশের প্রথম লেফটেনেন্ট গভর্নর কে ছিলেন? [১৫তম বিসিএস]

ক ব্যামফিল্ড ফুলার খ লর্ড মিন্টো
গ লর্ড কার্জন ঘ ওয়ারেন হেস্টিংস **উত্তর: ক**

২০. পূর্ব বাংলার ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]

ক ফুলার খ কার্জন
গ মিন্টো ঘ হেসটিংস **উত্তর: ক**

২১. ব্রিটিশ শাসনামলে কোন সালে ঢাকাকে প্রাদেশিক রাজধানী করা হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক ১৭৫৭ খ ১৯০৫
গ ১৮৭৫ ঘ ১৯১১ **উত্তর: খ**

২২. বঙ্গভঙ্গের পরেই ঢাকায় কি নির্মিত হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০]

ক সুরম্য অট্টালিকা খ কার্জন হল
গ হাইকোর্ট ঘ এর সবগুলিই **উত্তর: ঘ**

২৩. বঙ্গভঙ্গ রদ (রহিত) হয় কোন সালে? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪/ সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪ / সাব-রেজিস্ট্রার : ১২]

ক ১৯০৫ খ ১৯১৬
গ ১৯৪৫ ঘ ১৯১১ **উত্তর: ঘ**

২৪. ব্রিটিশ ভারতীয় রাজধানী কলকাতা থেকে দিল্লিতে হস্তান্তর করা হয়- [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]

ক ১৯১২ সালে খ ১৮১২ সালে
গ ১৮৫৭ সালে ঘ ১৮৬৫ সালে **উত্তর: ক**

২৫. **Who is the last Viceroy of British India?** [Jahangirnagar University (Public Adminstration) : 13-14 / Pubali Bank Ltd. Senior Officer : 12] **Or,**

ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় (বড়লাট বা গভর্নর জেনারেল) কে ছিলেন? [২৯তম বিসিএস/ ১৬তম বিসিএস / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (তলগা) : ১৩ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Lord Wavel ⓑ Lord Mountbatten
ⓒ Lord Linlintgo ⓓ Lord Curzon
ⓔ None of them **Ans. b**

২৬. কোন ব্রিটিশ শাসকের সময়ে ভারত উপমহাদেশ স্বাধীন হয়? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক লর্ড মাউন্টব্যাটেন খ লর্ড কর্নওয়ালিস
গ লর্ড বেন্টিং ঘ লর্ড ডালহৌসি **উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner